

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নম্বর : ০৪

তারিখ : ০১ আশ্বিন, ১৪১৯  
১৬ সেপ্টেম্বর, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

**Guidance Notes on Prevention of Money Laundering  
and Terrorist Financing জারীকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর বিধান মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল আর্থিক প্রতিষ্ঠান (মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ছ) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠান) রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত। ইতোপূর্বে জারীকৃত মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ ও ২০০৯ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এ আর্থিক প্রতিষ্ঠানসমূহ রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত ছিল। উক্ত আইনে প্রদত্ত ক্ষমতা বলে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিপালনের জন্য সময় সময় বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটার জারী করা হয়েছে।

০২। আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবসার ব্যাপ্তি ও প্রকৃতি, কার্যক্রম পরিচালনার আইনী কাঠামো ইত্যাদি বিবেচনায় এ সকল প্রতিষ্ঠানের মাধ্যমে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংঘটিত হওয়ার ঝুঁকি মোকাবেলায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য 'Guidance Notes on Prevention of Money Laundering and Terrorist Financing' শীর্ষক গাইডেন্স নোটস প্রণয়ন করা হয়েছে যা মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনীসহ) এর যথাক্রমে ২৩ (ঘ) এবং ১৫ (জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো। উক্ত গাইডেন্স নোটস বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতে ডাউনলোড করা যাবে।

০৩। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে সকল আর্থিক প্রতিষ্ঠান নিজ নিজ ব্যবসার ক্ষেত্র, ব্যাপ্তি ও প্রকৃতি পর্যালোচনা করতঃ আলোচ্য গাইডেন্স নোটস এর নির্দেশনা ন্যূনতম মানদণ্ড বিবেচনায় নিজস্ব গাইডেন্স নোটস প্রণয়ন করে স্ব-স্ব পরিচালনা পর্যদ কর্তৃক অনুমোদনপূর্বক আগামী ৩১ অক্টোবর, ২০১২ তারিখের মধ্যে অত্র ইউনিটে দাখিল করবে এবং আগামী ৩০ ডিসেম্বর, ২০১২ তারিখের মধ্যে পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। ইত্যবসরে বিষয়টি সকল পক্ষকে অবহিত করবেন।

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ -১/১/২০১২-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম।
২. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৫. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৯. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১১. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ লীজিং এন্ড ফিন্যান্স কোম্পানীজ এসোসিয়েশন, ৬৩, দিলকুশা বা/এ (৪র্থ তলা), ঢাকা-১০০০।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক।
১৪. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল আর্থিক প্রতিষ্ঠান।

(কামাল হোসেন)

উপ-পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৮২

ই-মেইল: [kamal.hossain@bb.org.bd](mailto:kamal.hossain@bb.org.bd)